সংবাদ

তারিখ 18 FEB 2014
পৃষ্ঠা ২ কলাম ২

জবিতে ভর্তিচ্ছুদের টাকা ছিনতাইয়ের ঘটনায় ছাত্রলীগের ৩ কর্মী হাতেনাতে আটক

● দু'গ্রুপে সংঘর্ষ

প্রতিনিধি, জাবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কাছ থেকে টাকা ছিনতাই করতে গিয়ে হাতেনাতে ধরা পড়েছে শাখা ছাত্রলীগের তিন কর্মী। গতকাল বেলা ২টার দিকে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে এ ঘটনা ঘটে।

ভর্তিচ্ছু শিক্ষার্থী ও প্রত্যক্ষদর্শীরা জানান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে ছাত্রলীগের কর্মী সৌরভ রহমান (উদ্ভিদ বিজ্ঞান বিভাগ-৪০তম ব্যাচ) নেতৃত্বে ইয়াছিন আহমেদ অর্নব (ভূগোল ও পরিবেশ বিভাগ ৪২তম ব্যাচ) ও আতিকুর রহমান (পরিসংখ্যান বিভাগ ৪১তম ব্যাচ) কেন্দ্রীয় খেলার মাঠে কয়েকজন ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নির্জন জায়গায় নিয়ে তাদের কাছ থেকে ৪ হাজার টাকা ও মোবাইল কেড়ে নেয়। এদের মধ্যে একজনের নাম শ্যামল বলে জানা যায়। এছাড়া যাদের কাছ থেকে টাকা ছিনতাই করা হয় তাদের সবার বাড়ি ময়মনসিংহ বলেও জানা যায়।

টাকা : পৃষ্ঠা : ২ ক : ২

টাকা : ছিনতাই

(১৬ পৃষ্ঠার পর)

এ সময় শহীদ সালাম-বরকত হলের আবাসিক ছাত্র শাখা ছাত্রলীগের গণযোগাযোগ সম্পাদক তারেক হানান ও উপ-পরিবেশ বিষয়ক সম্পাদক ইমতিয়াজ আহমেদ তাদের আটক করেন।

পরে তাদের প্রক্টরিয়াল বডির কাছে হস্তান্তর করলে প্রক্টর অধ্যাপক মোহা. মুজিবুর রহমান মুচলেকা নিয়ে তাদের ছেড়ে দেন। যা নিয়ে ক্যাম্পাসে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

আটক করে দেয়াকে কেন্দ্র করে বিকেল ৫টার দিকে অভিযুক্ত সৌরভ রহমানের নেতৃত্বে ১০ থেকে ১৫ জন ছাত্রলীগ কর্মীরা তাদের ভর্তিচ্ছু কেন্দ্রে হামলা চালায়। এ সময় কেন্দ্রে বসে থাকা আ ফ ম কামালউদ্দিন হলের ছাত্রলীগ কর্মী মুশফিক (আই বিএ ৪১ ব্যাচ) ও পরশ (বাংলা-৪০ ব্যাচ) আহত হয়।

আর এই ঘটনা ধরে বিকেল ৫টা থেকে শেষ রিপোর্ট লেখা পর্যন্ত (সন্ধ্যা সাড়ে ৭টা) কামালউদ্দিন হল ও বঙ্গবন্ধু হলের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। যেকোন সময় রক্তক্ষয়ী সংঘর্ষ হতে পারে। উভয় হলের ছাত্রলীগ কর্মীরা ইতোমধ্যে দেশীয় অস্ত্র নিয়ে প্রস্তুত হয়েছে।

ছিনতায়ের বিষয়ে অভিযুক্ত সৌরভ ও অর্নবকে জিজ্ঞাসা করা হলে তারা বিষয়টি অস্বীকার করেন।

এ সম্পর্কে প্রক্টর অধ্যাপক মোহা. মুজিবুর রহমানকে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, রাতে শৃঙ্খলা কমিটির বৈঠক ডাকা হয়েছে। সেখানে তাদের শাস্তির জন্য সুপারিশ করা হবে। উল্লেখ্য, ভর্তি পরীক্ষার প্রথম দিন ১৬ ফেব্রুয়ারি যাত্রীবাহী বাস থেকে চাঁদাবাজী করার সময় বহিরাগত ২ জনকে আটক করে ছাত্রলীগের একটি অংশ ও নিরাপত্তাকর্মীরা। তবে প্রক্টরের কাছে তাদের হস্তান্তর করা হলে শাখা ছাত্রলীগের সাহিত্যসম্পাদক সানোয়ার তাদের দিয়ে একাজ করার বিষয়টি প্রমাণিত হয়। সানোয়ারের বিরুদ্ধে ছাত্রলীগ ও বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শাস্তির ব্যবস্থা করার কথা গণমাধ্যমের সামনে প্রকাশ করা হলেও এখন পর্যন্ত কোন ধরনের পদক্ষেপ চোখে পড়েনি।